

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

করোনা ভাইরাসের ফলে সৃষ্ট পরিস্থিতিতে মন্ত্রণালয়ের বিশেষ ও স্বাভাবিক কার্যক্রম পরিচালনা বিষয়ক
০৩/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
মন্ত্রণালয়।

তারিখ : ০৩/০৬/২০২০ খ্রিস্টাব্দ

সময় : বেলা ১২: ০০ টা

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

২। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। COVID-19 মোকাবেলায় অনুবিভাগ প্রধানগণের মতামত প্রদানের জন্য আহ্বান জানান। সভায় এ বিভাগের অনুবিভাগ প্রধানগণসহ সিএমএসডি'র পরিচালক ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় বলেন যে, দেশে করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকারি হাসপাতালের পাশাপাশি বেসরকারি হাসপাতালকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কোন ক্ষেত্রে একই হাসপাতালকে কোভিড ও নন-কোভিড জোনে ভাগ করা হয়েছে। হাসপাতালসমূহে কোভিড চিকিৎসার পাশাপাশি অন্যান্য রোগের চিকিৎসাসেবা যাতে অব্যাহত থাকে সে বিষয়ে আলোচনা হয়। সচিব মহোদয় COVID-19 রোগের চিকিৎসার ক্ষেত্রে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সামগ্রীর সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি মন্ত্রণালয়ের স্বাভাবিক কাজ পরিচালনার বিষয়ে অনুবিভাগ প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন। ব্যক্তিগত পর্যায়ে স্বাস্থ্যবিধি মেনে কিভাবে অফিস পরিচালনা করা যায় সে বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। সভায় উল্লিখিত বিষয়ে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩। গৃহীত সিদ্ধান্তসমূহঃ

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীসহ COVID-19 রোগের চিকিৎসায় ব্যবহৃত সামগ্রী এবং অন্যান্য রোগের জন্য ব্যবহৃত চিকিৎসা সামগ্রীর Supply Chain সঠিকভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক সিএমএসডি
২.	মন্ত্রণালয়/বিভাগে COVID-19 সংক্রান্ত কাজে গুরুত্ব প্রদানের পাশাপাশি দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম চালু রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অনুবিভাগ প্রধান (সকল)
৩.	স্বাস্থ্য সেবা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসে অবস্থানকালীন সময়ে বাধ্যতামূলক Mask পরিধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	অনুবিভাগ প্রধান (সকল)
৪.	এডিবি বাস্তবায়ন ও গতিশীল রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অনুবিভাগ প্রধান (সকল) যুগ্মপ্রধান (পরিকল্পনা)
৫.	প্রতিদিন এ বিভাগের সকল কর্মী জীবন মুক্তকরণ এবং ওয়াসরুমে হ্যান্ড সেনিটাইজার ও সাবান রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসচিব (প্রশাসন-২)
৬.	সরকারিভাবে যতটুকু সম্ভব ব্যক্তিগত সুরক্ষা-সামগ্রী সরবরাহ করা হবে, তবে প্রয়োজনে ব্যক্তিগতভাবে হলেও ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী ক্রয় করে তার ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অনুবিভাগ প্রধান (সকল)

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। -


স্বাক্ষরিত/-
০৭/০৬/২০২০ খ্রি.
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০- ৭৪৪

তারিখঃ ০৭/০৬/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (পরিচালক), সিএমএসডি, মহাখালী, ঢাকা।
৩. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hds.gov.bd